

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৪৫৬

শান্তিরবাজার, ৩০ অক্টোবর, ২০২৩

৬-৭ নভেম্বর শান্তিরবাজারে রাজ্যভিত্তিক ওয়া উৎসব

আগামী ৬-৭ নভেম্বর শান্তিরবাজার মহকুমার তুইকর্মা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে রাজ্যভিত্তিক ওয়া উৎসব অনুষ্ঠিত হবে। সম্প্রতি শান্তিরবাজার মহকুমা শাসক কার্যালয়ে এক প্রস্তুতি সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, বিধায়ক প্রমোদ রিয়াং, বিধায়ক মাইলাফু মগ, এমডিসি সঞ্জীব রিয়াং, শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য, শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য, মহকুমা পুলিশ আধিকারিক সৌগত চাকমা প্রমুখ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, উৎসবে বিভিন্ন সরকারি দপ্তর থেকে প্রদর্শনী মন্ডপ খোলা হবে। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে রাজ্য ও বহিঃরাজ্যের শিল্পীগণ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবেন।
